

PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

ইফতার সামগ্রী ক্রয় করার জন্য রামুর সাধারণ মানুষের মধ্যে অর্থ বিতরণ করলেন পিএফজি সদস্য জনাব মোজাফ্ফর আহমদ। - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।

মহামারী চলাকালীন সময়ে সমাজের বঞ্চিত, অসহায় ও নিম্ন-আয়ের মানুষেরা যখন সহায় সম্বল হারিয়ে সরকারি ও ব্যক্তি খাতের ত্রাণের উপর নির্ভর করে জীবন ও জীবিকা নির্বাহ করছে, তখনই সমাজে আবির্ভাব ঘটল মুসলিম ধর্মাবলম্বীদের সিয়াম সাধনার মাস পবিত্র রমযানের। সংকটের এই সময়ে সাধারণ মানুষ যেখানে দু-মুঠো অল্প জোগাড় করতে হিমশিম খাচ্ছে, সেখানে রমযান উপলক্ষে



ইফতার সামগ্রী ক্রয় করা তাদের জন্য একটি বাড়তি চাপ। এমতাবস্থায় গত ২৩ এপ্রিল, ২০২০ তারিখ কক্সবাজারের রামু উপজেলার বঞ্চিত, অসহায়, বিধবা, দিনমজুর, মসজিদের ইমাম, স্কুল-মাদ্রাসার শিক্ষকসহ বিভিন্ন শ্রেণী ও পেশার পাঁচ শতাধিক ব্যক্তি ও পরিবারের মধ্যে ইফতার সামগ্রী ক্রয় করার জন্য নগদ অর্থ বিতরণ করলেন

সম্মানিত পিএফজি সদস্য, বিশিষ্ট কৃষিবিদ ও মুক্তিযোদ্ধা জনাব মোজাফ্ফর আহমদ। উল্লেখিত কার্যক্রমের অংশ হিসেবে তিনি বিভিন্ন ব্যক্তি ও পরিবারের মধ্যে অবস্থা অনুযায়ী যথাক্রমে ৩০০ ও ৫০০ টাকা বিতরণ করেন।



এসময় জনাব মোজাফ্ফর বলেন, ক্ষুধা, শোষণ, দুর্নীতি ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার একবুক প্রত্যাশা নিয়ে আমরা ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করেছিলাম। কিন্তু স্বাধীনতার আজ ৪৯ বছর পরও শুধুমাত্র দুর্নীতির কারণে আমরা ক্ষুধামুক্ত বাংলাদেশ পাইনি। করোনা ভাইরাসের কারণে মানুষ আজ দিশেহারা হয়ে চরম অর্থ ও অল্প কষ্টে দিনাতিপাত করছে। আশা করি সমাজের এই দৈন্য অবস্থায় আমার ব্যক্তিগত তহবিলের এই ক্ষুদ্র প্রচেষ্টা সাধারণ মানুষের মুখে হাসি ফোটাবে। এসময় তিনি আরো বলেন, সমাজের এই বিপর্যয় কালীন সময়ে সরকারের পাশাপাশি আমরা সকলে যদি পারস্পরিক দায়িত্ব গ্রহণ করি তাহলে অল্প সময়ের মধ্যেই সুখী-সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠা করতে সক্ষম হব।

কোভিড-১৯ এর দিশেহারা আক্রমণে চলমান ক্রান্তিকালীন সময়ে 'আমরা সাদা মনের মানুষ' নামক সামাজিক সংগঠনের সক্রিয় সহযোগী হিসেবে নিরলস কাজ করে যাচ্ছেন সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার পিএফজি সদস্যরা। - হাফিজুর রহমান নোমান, সনামগঞ্জ।



গত ৫ মে, ২০২০ তারিখ মঙ্গলবার সকাল ১০ ঘটিকায় সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার উপজেলা পরিষদ প্রাঙ্গণে উক্ত উপজেলার পিএফজির সদস্যদের দ্বারা সদর এরিয়ায় বসবাসকারী গাইন সম্প্রদায়ের অতি দরিদ্র ১৪ টি পরিবারের মধ্যে নগদ অর্থ বিতরণ করা হয়েছে। পিএফজি সদস্যদের এই মানবিক কাজে সার্বিক সহযোগিতা করে আমরা সাদা মনের মানুষ নামক একটি সামাজিক সংগঠন। উল্লেখ্য, গাইন সম্প্রদায় হচ্ছে একটি ভাসমান জনগোষ্ঠী এবং এদেরকে কোন ধরনের সরকারি সাহায্য সহযোগিতার তালিকাতেও রাখা হয় না। সমগ্র দেশ ব্যাপী লকডাউন চলাকালীন সময়ে অনেকটা না খেয়েই দিন কাটাচ্ছিল তারা। উপজেলার বেশিরভাগ অসহায়রা যখন কারো না কারো কাছ থেকে সাহায্য সহযোগিতা ও ত্রান পেয়ে যাচ্ছিল, তখন এই জনগোষ্ঠীর মানুষগুলো দূর থেকে দাড়িয়ে শুধু তা দেখে গেছে অসহায়ের মতো, কিন্তু কোন ধরনের সাহায্য সহযোগিতা জুটেনি তাদের ভাগ্যে। এমতাবস্থায় জামালগঞ্জ উপজেলার পিএফজির সদস্যদের মাধ্যমে তাদেরকে সহায়তা করার জন্য এগিয়ে আসে 'আমরা সাদা মনের মানুষ' নামক সামাজিক সংগঠনটি। পিএফজির সদস্যরা যখন ১০ টি পরিবারের জন্য প্রাপ্ত অর্থ ভাগ করে ১৪টি পরিবারের মধ্যে দেওয়ার

সিদ্ধান্ত নেন (এতে করে পরিবার প্রতি বরাদ্দের টাকার পরিমাণ কমে যায়), তখন এই তথ্য জানার সাথে সাথে 'আমরা সাদা মনের মানুষ' এর পক্ষ থেকে অর্থ বরাদ্দ বাড়িয়ে দেওয়া হয় (প্রাথমিক অবস্থায় প্রতিটি উপজেলায় ১০ টি করে পরিবারের জন্যে ৫০০ টাকা/পরিমাণ খাদ্য বরাদ্দ দেওয়া হয়)। উল্লেখিত অনুষ্ঠানে সামাজিক দুরত্ব বজায় রেখে, দি হাজার প্রজেক্ট বাংলাদেশ এর এসপিএল প্রকল্পের পিএফজি সদস্যদের সহযোগিতায় আমরা 'সাদা মনের মানুষ' এর অর্থায়নে ১৪ টি পরিবারের মাঝে ৫শত করে টাকা বিতরণ করা হয়। পিএফজির সুনামগঞ্জ জেলা সমন্বয়কারী ও জামালগঞ্জ উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান মো. মিছবাহ উদ্দিন এর সমন্বয়ে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামালগঞ্জ উপজেলার পিএফজি সদস্য ও উক্ত উপজেলা আওয়ামী



লীগের সভাপতি আলহাজ্ব মোহাম্মাদ আলী। এছাড়াও উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন জাতীয় পার্টির পিস এ্যামবাসেডর, উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ও সাবেক দুবারের ইউপি চেয়ারম্যান আব্দুল মন্নান তালুকদার, পিএফজি সদস্য ও বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল মালেক, জামালগঞ্জ উপজেলার সূজন এর সাধারণ সম্পাদক ও পিএফজি মেম্বার অঞ্জন পুরকায়স্থ, ভিডিটি কমিটির সদস্য ও সুনামগঞ্জ জেলা মহিলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক মারজানা ইসলাম শিবনা। উক্ত অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা করেন দি হাজার প্রজেক্ট বাংলাদেশ এর ইউসি সাইফুল্লাহ।